# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**27 DECEMBER 2025** **7:45—7:55**

---

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মুখ্য সচিবদের পঞ্চম জাতীয় সম্মেলনে অধ্যক্ষতা

২) দুমাস পর আসাম বিধানসভা নির্বাচনের দিন ঘোষনার সম্ভাবনা ।

৩) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের আসাম সফরের আগে মন্ত্রী পিযুষ হাজারিকার বটদ্রবা প্রকল্পস্থল পরিদর্শন ।

এবং

৪) রাজ্যে ভোটার তালিকার বিশেষ সংশোধনীর খসরা তালিকা প্রকাশ ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নতুনদিল্লীতে অনুষ্ঠিত মুখ্য সচিবদের পঞ্চম জাতীয় সম্মেলনে আজ অধ্যক্ষতা করেছেন । আগামীকাল ও তিনি সম্মেলনে অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন ।জাতীয় উন্নয়নে অগ্রাধিকারের ক্ষেত্রে নিরন্তর আলোচনার মাধ্যমে কেন্দ্র ও রাজ্যের মধ্যে সহযোগীতা সুদৃঢ করাই এই সম্মেলনের মূল উদ্দেশ্যে । সম্মলনে উন্নয়নমূলক কার্যসূচী চূড়ান্ত করার লক্ষে গুরুত্বপূর্ন আলোচনা অনুষ্ঠিত হবে । এই সম্মেলনে ভারতবর্ষকে বিকশিত রাষ্ট্র হিসেবে গড়ে তোলার জন্য দেশের গুনগত মানের মূল বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব আরোপ করা হবে ।

এই সম্মেলনে মুখ্য সচিব , সব রাজ্য ও কেন্দ্র শাসিত অঞ্চলগুলির আধিকারিক ও বিশেষজ্ঞরা অংশ গ্রহণ করেছেন ।

---

রাজ্যে দুমাস পর বিধানসভা নির্বাচনের দিন ঘোষনা করা হবে । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা গৌহাটীর শ্রীমন্ত শংকরদেব কলাক্ষেত্রে আয়োজিত রাজ্য বিজেপির

কার্যনির্বাহক সভার আজ দ্বিতীয় তথা শেষ দিনে দলীয় কর্মীদের উদ্দেশ্যে ভাষন দেবার সময় একথা প্রকাশ করেন ।মুখ্যমন্ত্রী ড: শর্মা কংগ্রেস দলের  দূর্বলতা ও তোষামোদের রাজনীতির তীব্র সমালোচনা করেন ।  বিজেপি নেতৃত্বাধীন সরকার  এ পর্যন্ত রাজ্যে ১ লক্ষ ৪৫ হাজারের ও  বেশী বিঘা জমিকে দখলমুক্ত করেছে বলে উল্লেখ করে ড:শর্মা রাজ্যের উন্নয়নমূলক কাজের প্রসংগে বলেন  কাজিরাঙায় ৩২ কিলোমিটার দৈর্ঘ্যের উড়াল সেতু নির্মান করা হবে । এছাড়া শিলচর গৌহাটীর মধ্যে ২২ হাজার কোটি টাকা ব্যয়ে এক্সপ্রেস হাইওয়ে নির্মাণের বিষয়ে ও মুখ্যমন্ত্রী জানান । ।কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল ও আজ কার্যনির্বাহকের সভায় অংশ গ্রহণ করে  দলীয় নেতা কর্মীদের উদ্দেশ্যে ভাষন দেন ।

-----------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আগামীকাল দুদিনের সফরসূচী নিয়ে আসামে আসবেন । তার এই সফরকালে কেন্দ্রীয় মন্ত্রী বেশ কয়েকটি কার্যসূচীতে অংশ গ্রহণ করবেন ।তিনি আগামী সোমবার  নগাও জেলার বটদ্রবায় আসাম সরকারের নতুন করে নির্মাণ করা  ঐতিহাসিক বটদ্রবা  প্রকল্পের উদ্ভোধন করবেন । মহাপুরুষ শ্রীমন্ত শংকরদেবের জন্মস্থান বটদ্রবাকে কলা , সংস্কৃতি ও আধ্যাত্মিকতার অন্যতম প্রাণকেন্দ্র হিসেবে গড়ে তোলা সহ পর্যটকের আকর্ষ নের কেন্দ্র করে তুলতে এই প্রকল্প গুরুত্বপূর্ন ভূমিকা পালন করবে বলে আশা করা হচ্ছে। এদিকে স্বরাষ্ট্রমন্ত্রীর উপস্থিতিতে বটদ্রবা প্রকল্প উদ্বোধনের প্রস্তুতি প্রায় সম্পূর্ণ । জলসম্পদ মন্ত্রী পিযুষ হাজারিকা এবং নগাঁও জেলার আয়ুক্ত প্রকল্পটির চূড়ান্ত পর্যায়ের নির্মাণ কার্য পরিদর্শন করেন ।মন্ত্রী শ্রী হাজারিকা বলেন-----

বাইট

ঐদিনই স্বরাষ্ট্র মন্ত্রী গৌহাটীতে নতুন পুলিশ কার্যালয় ও দুহাজারের ও বেশী  সি সি টিভি সমৃদ্ধ  সংহত কমান্ড ও নিয়ন্ত্রন  কেন্দ্রের উদ্ভোধন করবেন ।এই কেন্দ্র রাজ্যে সুরক্ষা ও জরুরীকালীন সেবা ব্যবস্থাকে শক্তিশালী করে তুলবে বলে আশা করা হচ্ছে ।

-----------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল বেলা ১১ টায় আকাশবাণীর মন কী বাত ১২৯ তম পর্বে জনসাধারণের সঙ্গে মত বিনিময় করবেন। আকাশবাণী ও দূরদর্শনের সবকটি নেটওয়ার্ক এআইআর নিউজ ওয়েবসাইট এবং নিউজ অন এআইআর মোবাইল অ্যাপ, ডিডি নিউজ প্রধানমন্ত্রীর কার্যালয়, তথ্য এবং সম্প্রচার মন্ত্রণালয়ের সবকটি চ্যানেলে এই অনুষ্ঠান সম্প্রচার করা হবে। এই অনুষ্ঠানের পরই আঞ্চলিক ভাষার রূপান্তর সম্প্রচার করা হবে।

-----------------------------------------------------------------------------------

রাজ্যে ভোটার তালিকার বিশেষ সংশোধনীর খসরা আজ প্রকাশ করা হয়েছে । এই খসরা ভোটার তালিকার ভিত্তিতে জনসাধারণ আগামী ২২ শে জানুয়ারী পর্যন্ত দাবী ও আপত্তি দাখিল করতে পারবে । দাবী আপত্তি নিষ্পত্তির জন্য ৩ , ৪ , ১০ ও ১১ ই জানুয়ারী বিশেষ শিবির অনুষ্ঠিত হবে । আগামী দোসরা ফেব্রুয়ারীর মধ্যে এই দাবী আপত্তি নিষ্পত্তি করে ১০ ই ফেব্রুয়ারীতে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে ।

-----------------------------------------------------------------------------------

বরাক উপত্যকার তিন জেলায়ও আজ খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হয়েছে । কাছাড় জেলার সাতটি বিধানসভা কেন্দ্রের খসড়া ভোটার তালিকা আজ আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হয়েছে ।খসড়া ভোটার তালিকা অনুযায়ি কাছাড় জেলায় মোট ভোটারের সংখ্যা ১৪ লক্ষ ১৫ হাজার ৪৩৯ ।পূর্বের চেয়ে ২১ হাজার ৯৫৭ জন ভোটার বৃদ্ধি পেয়েছে ।এরমধ্যে পুরুষ ভোটার ৭ লক্ষ ১ হাজার ৮৮৮ জন , মহিলা ভোটার ৭ লক্ষ ১৩ হাজার ৫৩৩ ।জেলা আয়ুক্ত তথা জেলা নির্বাচন আধিকারীক মৃদুল যাদব আজ এ উপলক্ষে আয়োজিত এক বৈঠকে পৌরহিত্য করেন ।বৈঠকে জেলা নির্বাচন আধিকারীক ত্রুটিমুক্ত ভোটারতালিকা প্রস্তুত করার ক্ষেত্রে রাজনৈতিক দলগুলোকে ভোটারদের নাম , ঠিকানা ও অন্যান্য তথ্য যাচাই , সংশোধনের কাজে সহায়তা করার আহ্বান জানান ।ভোটার তালিকায় নাম অর্ন্তভুক্তি , বিধানসভা কেন্দ্রের ঠিকানা স্থানান্তর সহ সমস্ত দাবী আপত্তি দাখিল করার সময়সীমা আজ থেকে ২২ শে জানুয়ারী পর্যন্ত ধার্য করা হয়েছে । এছাড়া ১৭ বছর বা তার বেশী বয়েসের যুবক যুবতিরা ১৮ বছর পূর্ণ হওয়ার সঙ্গে সঙ্গে যাতে ভোটার তালিকায় নাম অর্ন্তভুক্ত হয় তার জন্য আগাম আবেদন জমা দিতে পারবেন । এছাড়া আগামী ৩, ৪ , এবং ১১ ও ১২ জানুয়ারী বিশেষ শিবির অনুষ্ঠিত হবে এতে বুথ লেভেল আধিকারীকরা নির্দিষ্ট ভোটকেন্দ্রে খসড়া ভোটার তালিকার প্রদর্শন ও আবেদন গ্রহণ করবেন ।জেলা আয়ুক্ত জানান--

বাইট

-----------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায় ২০২৬ সালের পয়লা জানুয়ারীকে যোগ্যতার তারিখ হিসেবে ধরে ফটোযুক্ত খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হয়েছে । খসড়া তালিকা অজুযায়ি শ্রীভূমি জেলার চারটি বিধানসভা কেন্দ্রে মোট ভোটারের সংখ্যা ৯ লক্ষ ৭১ হাজার ৯১৬ । এরমধ্যে পুরুষ ভোটারের সংখ্যা ৪ লক্ষ ৯৩ হাজার ৫৬৬ , মহিলা ভোটারের সংখ্যা ৪ লক্ষ ৭৮ হাজার ৩৩৯ জন এবং ১১ জন তৃতীয় লিংগের ভোটার রয়েছেন । জেলায় মোট ভোটকেন্দ্রের সংখ্যা ১ হাজার ১৮৭ টি । ভোটার তালিকার বিশেষ সংশোধনীর

জন্য জেলায় বিশেষ শিবিরের আয়োজন করা হয়েছে । এছাড়া ভোটার সচেতনতা কার্যসূচীর অধীনে ছাত্রছাত্রীদের জন্য বিশেষ নাম অর্ন্তভুক্তি অভিযান ও সচেতনতামূলক বিভিন্ন কার্যসূচীরো আয়োজন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় প্রকাশিত খসড়া ভোটার তালিকা অনুযায়ি জেলায় মোট ভোটারের সংখ্যা ৪ লক্ষ ৯৪ হাজার ৮৭৯ । জেলা নির্বাচন আধিকারীক কে সি ত্রিপুরা সাংবাদিকদের জানান যে ২০২৬ সালের পয়লা জানুয়ারীকে যোগ্যতার তারিখ হিসেবে গণ্য করে এই খসড়া ভোটার তালিকা প্রস্তুত করা হয়েছে । এবং তা সাধারণ মানুষের যাচাইয়ের জন্য প্রকাশ করা হয়েছে । এদিকে হাইলাকান্দি জেলায় ভোটকেন্দ্রের সংখ্যা পূর্বের ৬১২ থেকে বেড়ে ৬২৩ হয়েছে । প্রশাসনের পক্ষ থেকে জনসাধারণকে নির্ধারিত সময়ের মধ্যে খসড়া তালিকায় নিজেদের নাম যাচাই করার আহ্বান জানানো হয়েছে । নির্বাচন কমিশনের নির্ধারিত সূচি অনুযায়ি সব দাবী আপত্তি নিষ্পত্তির পর জেলায় চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার উদ্যেগে আয়োজিত সুব্রত কুমার গুহ মেমোরিয়েল বি ডিভিশন ক্রিকেট টুর্নামেন্টের ফাইনাল খেলায় আজ কাটলিছড়া ব্লু -প্যান্থার দল ৭ রানের ব্যবধানে আই পি এস দলকে  পরাজিত করেছে ।জেলা ক্রীড়া সংস্থার মাঠে অনুষ্ঠিত এই চূড়ান্ত প্রতিযোগিতায় টসে জিতে আই পি এস দল প্রথমে ফিল্ডিং করার সিদ্ধান্ত নেয় ।ব্লু-প্যান্থার দল ২৭ দশমিক ৪ ওভারে ১২৫ রানে অলাউট হয় । এদিকে ১২৬ রানের লক্ষ্য নিয়ে ব্যাট করতে নেমে আই পি এস দল ২৭ দশমিক ৫ ওভারে ১১৮ রান করতে সক্ষম হয় । ব্লু-প্যান্থারের হয়ে স্বর্ণদীপ সাহা ও কাইদুল ইসলাম লস্কর তিনটি করে উইকেট নিয়ে জয়ের ভীত গড়ে দেন । ম্যাচ শেষে বিজয়ী ও রানার্স-আপ দলের হাতে ট্রফি ও পুরস্কার তুলে দেওয়া হয় ।

---------------------------------------------------------------------------------